দৈনিক জনকণ্ঠ

তারিখ: 6 FEB 2017
পৃষ্ঠা: ৩ কলাম: ৫

# হাবি প্রবির নয়া ভিসি প্রফেসর কাসেমের দায়িত্ব গ্রহণ

স্টাফ রিপোর্টার, দিনাজপুর ॥ দিনাজপুর হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ৪ মাস ১০ দিন পর রবিবার দুপুরে উপাচার্য হিসেবে দায়িত্ব নিয়েছেন প্রফেসর ড. মু. আবুল কাসেম। রাষ্ট্রপতি ও বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর মোঃ আব্দুল হামিদ বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের কৃষি সম্প্রসারণ,শিক্ষা বিভাগের প্রফেসর ড. মু. আবুল কাসেমকে হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের নতুন উপাচার্য হিসেবে নিয়োগ প্রদান করেছেন। গত ১ ফেব্রুয়ারি শিক্ষা মন্ত্রণালয়ের এক প্রজ্ঞাপনে এ আদেশ জারি করা হয়। পরবর্তী চার বছরের জন্য রবিবার থেকে তিনি হাবিপ্রবির ভিসির দায়িত্ব গ্রহণ করেন।

প্রফেসর ড. মু. আবুল কাসেম ১৯৫৩ সালে লালমনিরহাট জেলার হাতীবান্ধা থানাধীন বড়খাতা ইউনিয়নের আরাজী শেখ সুন্দর গ্রামে এক মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। তিনি বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় থেকে ১৯৭৪ সালে বিএসসি এজি. (অনার্স) ডিগ্রী ও ১৯৭৫ সালে একই বিশ্ববিদ্যালয়ের কৃষি সম্প্রসারণ ও শিক্ষক প্রশিক্ষণ বিভাগ থেকে এমএসসি. (এজি এক্সস্ট এড.) ডিগ্রী লাভ করেন। ১৯৮৬ সালে যুক্তরাজ্যের রিডিং বিশ্ববিদ্যালয় থেকে পি-এইচ.ডি. ডিগ্রী অর্জন করেন। ১৯৭৮ সালে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের গ্র্যাজুয়েট ট্রেনিং ইনস্টিটিউটে লেকচারার এবং ১৯৮১ সালে কৃষি সম্প্রসারণ ও শিক্ষক প্রশিক্ষণ বিভাগে সহকারী অধ্যাপক হিসেবে যোগদান করেন।